

PRINT

সমকাল

রাজশাহী চট্টগ্রামে শিগগিরই পূর্ণাঙ্গ ডেন্টাল কলেজ স্বাস্থ্যমন্ত্রী

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটকে পূর্ণাঙ্গ ডেন্টাল কলেজে রূপান্তর করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডেন্টাল সোসাইটি আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, এ লক্ষ্যে শিগগিরই কাজ শুরু হবে।

জাহিদ মালেক বলেন, শেখ হাসিনার নেতৃত্বে স্বাস্থ্য খাতে বাংলাদেশ অনেক এগিয়ে গেছে।

সংগঠনের সভাপতি ও ঢাকা ডেন্টাল কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক ডা. আবুল কাসেমের সভাপতিত্বে অনুষ্ঠানে ডা. হাবিবে মিল্লাত এমপি, স্বাচিপ সভাপতি অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান প্রমুখ বক্তৃতা করেন।

এর আগে রাজধানীর আগারগাঁও এলজিইডি মিলনায়তনে জাতীয় যক্ষ্মা নিরোধ সমিতির (নাটাব) বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে দেন স্বাস্থ্যমন্ত্রী।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

